

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৬, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১২ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ/ ২৬ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৫৭.০০.০০০০.০৬৬.০৪.০০২.১৭-৩৬।—চলমান বৈশ্বিক অতিমারি (pandemic) কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে ২০২০ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম)/এইচএসসি (ভোকেশনাল)/ডিপ্লোমা ইন কমার্স-দ্বাদশ শ্রেণি পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি।

০২. এমতাবস্থায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০২১ এর ৮ (২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সংক্রান্তে গঠিত জাতীয় পরামর্শক কমিটির সুপারিশ মোতাবেক ২০২০ সালের এইচএসসি (বিএম)/এইচএসসি (ভোকেশনাল)/ডিপ্লোমা ইন কমার্স-দ্বাদশ শ্রেণির পরীক্ষার ফলাফল প্রস্তুত, প্রকাশ ও সনদ বিতরণের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-কে ক্ষমতা প্রদান করা হলো।

০৩. এ প্রজ্ঞাপন জারির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৪. ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহমুদুর রহমান
উপসচিব (অডিট ও আইন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৫২৯)

মূল্য : টাকা ৪.০০